রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ মূল্য সংযোজন কর ]**

**আদেশ**

তারিখ : ০৫ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ/১৯ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয় ঃ **স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য গ্লক পিস্তলের (গ্লক-১৭ এবং গ্লক-২৬) ১৬০ (একশত ষাট) টি লুমিনাস সাইট, ১০০ (একশত) টি স্মোক গ্রেনেড, ১০০ (একশত) টি সাউন্ড গ্রেনেড এবং ১০০০ (এক হাজার) রাউন্ড ৯×১৯ মিমি গোলাবারুদ ক্রয়/আমদানির উপর প্রযোজ্য ভ্যাট মওকুফকরণ।**

**নং ০৮.০১.০০০০.০৭০.০৮.০০৩.১৪/১৫৫**—যেহেতু, আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ গ্লক পিস্তলের (গ্লক-১৭ এবং গ্লক-২৬) ১৬০ (একশত ষাট) টি লুমিনাস সাইট, ১০০ (একশত) টি স্মোক গ্রেনেড, ১০০ (একশত) টি সাউন্ড গ্রেনেড এবং ১০০০ (এক হাজার) রাউন্ড ৯×১৯ মিমি গোলাবারুদ (আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী এবং সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র নিরাপত্তার কাজে ব্যবহৃত করতে হবে ; এবং

যেহেতু, প্রধানমন্ত্রীর কার্যালয় হতে উল্লিখিত অস্ত্র গোলাবারুদ ক্রয়ের নিমিত্ত প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক বর্ণিত আনুষঙ্গিক যন্ত্রাংশ ক্রয়ের ক্ষেত্রে অনাপত্তি প্রদান করা হয়েছে ;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক, ভিভিআইপিদের নিরাপত্তা নিশ্চিত করা ও জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় স্পেশাল সিকিউরিটি ফোর্সের জন্য আমদানিতব্য আনুষঙ্গিক যন্ত্রাংশসহ গ্লক পিস্তলের (গ্লক-১৭ এবং গ্লক-২৬) ১৬০ (একশত ষাট) টি লুমিনাস সাইট, ১০০ (একশত) টি স্মোক গ্রেনেড, ১০০ (একশত) টি সাউন্ড গ্রেনেড এবং ১০০০ (এক হাজার) রাউন্ড ৯×১৯ মিমি গোলাবারুদ



**মূল্য :** টাকা ৪.০০

(আনুষঙ্গিক যন্ত্রাংশসহ) এর উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে আমদানি পর্যায়ে প্রযোজ্য মূল্য সংযোজন কর ও অগ্রিম মূল্য সংযোজন কর (এটিভি) নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে মওকুফ করা হলো :—

**শর্তাবলী :**

(ক) আমদানিতব্য গ্লক পিস্তলের (গ্লক-১৭ এবং গ্লক-২৬) ১৬০ (একশত ষাট) টি লুমিনাস সাইট, ১০০ (একশত) টি স্মোক গ্রেনেড, ১০০ (একশত) টি সাউন্ড গ্রেনেড এবং ১০০০ (এক হাজার) রাউন্ড ৯×১৯ মিমি গোলাবারুদ সরকার কর্তৃক ঘোষিত সকল ভিভিআইপি'র দৈহিক নিরাপত্তার কাজে ব্যবহৃত হবে এবং এগুলো বাণিজ্যিক কাজে ব্যবহার বা বিক্রয়/হস্তান্তর করা যাবে না ;

(খ) আমদানিতব্য পণ্য শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর আলোকে যথাযথ মূল্যে ও এইচ.এস. কোডে শুল্কায়ন করতে হবে ;

(গ) শুল্কায়নের পূর্বে পণ্যের specification ও ঘোষণার যথার্থতা সম্পর্কে নিশ্চিত হতে হবে ;

(ঘ) আমদানি নীতি আদেশ, ২০১৫-২০১৮ অনুযায়ী পণ্য আমদানির জন্য প্রযোজ্য শর্তাদি এ ক্ষেত্রে পরিপালনীয় হবে ; এবং

(ঙ) সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট সংশ্লিষ্ট আমদানিকারক কর্তৃক ৩০০/- টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে এই মর্মে অঙ্গীকারনামা দাখিল করতে হবে যে, উক্ত অস্ত্র ও গোলাবারুদ কোন প্রকার হস্তান্তর, বিক্রয়, অন্যবিধ ব্যবহার, চুরি বা খোয়া গেলে আমদানিকারক কর্তৃক প্রযোজ্য শুল্ক-করাদি পরিশোধে বাধ্য থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**হাছান মুহম্মদ তারেক রিকাবদার**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd.